



# বিকেএসপি সাপ্তাহিক তথ্য প্রবাহ (০৮/০২/২০২৪ - ১৪/০২/২০২৪)

## বিকেএসপি-ভূটান বক্সিং জয়েন্ট ট্রেনিং ক্যাম্প

গত ১০ ফেব্রুয়ারি  
বিকেএসপিতে শুরু হয়েছে ১৫  
দিনব্যাপি বিকেএসপি-ভূটান  
বক্সিং জয়েন্ট ট্রেনিং ক্যাম্প।  
বাংলাদেশ এমেচার বক্সিং  
ফেডারেশনের সাধারণ  
সম্পাদক এবং বাংলাদেশ  
অলিম্পিক এসোসিয়েশনের  
নির্বাহী সদস্য জনাব মোঃ  
মাজহারুল ইসলাম জয়েন্ট  
ট্রেনিং ক্যাম্পের শুভ উদ্বোধন  
করেন এবং বিশেষ অতিথি  
হিসেবে উপস্থিত ছিলেন  
বিকেএসপির উপ-পরিচালক  
(প্রশাসন) মি. উজ্জল চক্রবর্তি



## শুদ্ধাচার বিষয়ক প্রশিক্ষণ

গত ১২ ফেব্রুয়ারি বিকেএসপিতে শুদ্ধাচার বিষয়ক প্রশিক্ষণ (৩য় ব্যাচ) এর শুভ  
উদ্বোধন করেন ব্রি. জে. সৈয়দ মোঃ মোতাহের হোসেন, এনডিসি, পিএসসি। এতে  
বিকেএসপিতে কর্মরত ৭৫ জন কর্মকর্তা-কর্মচারীগণ অংশগ্রহণ করেন।



## উদ্বোধনী অনুষ্ঠান

### শুদ্ধাচার বিষয়ক প্রশিক্ষণ (৩য় ব্যাচ)

প্রধান অতিথি : ব্রিগেডিয়ার জেনারেল সৈয়দ মোঃ মোতাহের  
হোসেন, এনডিসি, পিএসসি  
মহাপরিচালক, বিকেএসপি।

১২ ফেব্রুয়ারি ২০২৪ খ্রিঃ





### মেডিটেশন ও টোটাল ফিটনেস প্রোগ্রাম

গত ১০ ফেব্রুয়ারি বিকেএসপিতে কোয়ান্টাম ফাউন্ডেশনের সহযোগিতায় দিনব্যাপী 'মেডিটেশন ও টোটাল ফিটনেস প্রোগ্রাম' শিরোনামে একটি প্রশিক্ষণ প্রোগ্রাম আয়োজিত হয়। অনুষ্ঠানে বিকেএসপির উপ-পরিচালক আখিনুর জামান রুশোর সভাপতিত্ব করেন। মডারেটরের স্বাগত বক্তব্যের পর 'স্ট্রেস ম্যানেজমেন্ট ফর টোটাল ফিটনেস' বিষয়ে প্রাণবন্ত আলোচনা করেন ডাক্তার এবং শিক্ষক দিওয়ান ওয়াসিফ জালালা



বিকেএসপি'র কর্মকর্তাদের " মাসিক স্ট্রেস ম্যানেজমেন্ট, মেডিটেশন ও টোটাল ফিটনেস প্রোগ্রাম"-১০১৪



### জাতীয় দলের ৫ নারী ফুটবলারের সাথে সাক্ষাৎ

১৩ ফেব্রুয়ারি, সদ্য সমাপ্ত সাফ অ-১৯ নারী ফুটবল টুর্নামেন্টে যুগ্ম চ্যাম্পিয়ন বাংলাদেশ দলের পক্ষে বিকেএসপির ১০ জন বর্তমান প্রশিক্ষার্থীদের মধ্যে ০৫ জনের সাথে মহাপরিচালক মহোদয়ের সৌজন্য সাক্ষাৎ।



### আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র, সিলেট পরিদর্শন

গত ১৩ ফেব্রুয়ারি, মহাপরিচালক ব্রিগেডিয়ারে জেনারেল সৈয়দ মোঃ মোতাহের হোসেন, এনডিসি, পিএসসি'র বিকেএসপি আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র, সিলেট পরিদর্শন করেন।



### আন্তর্জাতিক শ্যুটিং প্রতিযোগিতায় চ্যাম্পিয়ন বিকেএসপি শ্যুটিং দলের সাথে মহাপরিচালকের সৌজন্য সাক্ষাৎ

২৭ তম আন্তর্জাতিক শ্যুটিং প্রতিযোগিতা - ২০২৪ এ বিকেএসপি শ্যুটিং দল চ্যাম্পিয়ন হবার গৌরব অর্জন করে। প্রতিযোগিতায় (.১৭৭ ওপেন সাইট) ১০মিটার এয়ার রাইফলে ২ জন এ্যাথলেট এবং (.২২ রাইফেল ৫০মিটারে ২ জন এ্যাথলেট নিয়ে গঠিত বিকেএসপি দল ৯৭৬ স্কোর করে চ্যাম্পিয়ন হয়। রানার আপ হয়েছে রংপুর সেনা শ্যুটিং ক্লাব। আজ (১২ ফেব্রুয়ারি, ২০২৪) সকালে বিকেএসপির মহাপরিচালক ব্রি. জে. সৈয়দ মোঃ মোতাহের হোসেন শ্যুটিং দলের সাথে সৌজন্য সাক্ষাৎ করেন।



## জাতীয় এ্যাথলেটিক্স চ্যাম্পিয়নশিপ - ২০২৩ এ অংশগ্রহণকারী বিকেএসপি দলের মহাপরিচালকের সৌজন্য সাক্ষাৎ

এ্যাথলেটিক্স ফেডারেশন কর্তৃক আয়োজিত ৪৭ তম জাতীয় এ্যাথলেটিক্স চ্যাম্পিয়নশিপ -২০২৩ এ বিকেএসপি ২টি রৌপ্য ও ৩টি তাম্র পদক অর্জন করেছে। দু'দিন ব্যাপি (৯-১০ ফেব্রুয়ারি) অনুষ্ঠিত প্রতিযোগিতায় বিকেএসপির মহিলা এ্যাথলেটরা ৪ x ১০০ মি. রিলেতে এবং ১০০ মি. হার্ডেলসে রৌপ্য পদক অর্জন করেছে। বিকেএসপির এ্যাথলেট স্বপ্না খাতুন লং জ্যাম্প এবং ট্রিপল জ্যাম্পে ২টি তাম্র পদক লাভ করেন। বিকেএসপি মহিলা দল ৪ x ৪০০ মি. রিলেতে তাম্র পদক অর্জন করে। গত ১৩ ফেব্রুয়ারি, বিকেএসপির মহাপরিচালক ব্রি. জে.সৈয়দ মোঃ মোতাহের হোসেন প্রতিযোগিতায় অংশগ্রহণকারীদের সাথে সৌজন্য সাক্ষাৎ করেন।



## বিকেএসপি'র অ-১৪ ক্রিকেট দলের সাফল্য কামনায় মহাপরিচালকের সৌজন্য সাক্ষাৎ

গত ৮ ফেব্রুয়ারি বিসিবি আয়োজিত ইয়াং টাইগার্স অ-১৪ ক্রিকেট টুর্নামেন্ট ২০২৩-২৪ এ অংশগ্রহণের প্রাক্কালে ১৪ সদস্যের বিকেএসপি দল মহাপরিচালক ব্রিগেডিয়ার জেনারেল সৈয়দ মোঃ মোতাহের হোসেন এর সাথে সৌজন্য সাক্ষাৎ করেন। এ সময় তিনি দলের প্রস্তুতির খৌজ খবর নেন এবং সাফল্য কামনা করেন।

